

অর্থ আইন, ২০০৩

২০০৩ সনের ১৭ নং আইন

[৩০ জুন, ২০০৩]

সরকারের আর্থিক প্রস্তাবাবলী কার্যকরকরণ এবং কতিপয় আইন সংশোধনকল্পে প্রণীত আইন।

যেহেতু সরকারের আর্থিক প্রস্তাবাবলী কার্যকরকরণ এবং নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে কতিপয় আইন সংশোধন করা সমীচীন ও প্রয়োজন;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

সংক্ষিপ্ত শিরোনামা ও
প্রবর্তন

১। (১) এই আইন অর্থ আইন, ২০০৩ নামে অভিহিত হইবে।

(২) The Provisional Collection of Taxes Act, 1931 (XVI of 1931) অধীনে জারীকৃত ঘোষণা সাপেক্ষে, এই আইন ২০০৩ সনের ১লা জুলাই তারিখে কার্যকর হইবে।

দ্বিতীয় অধ্যায়

Excises and Salt Act, 1944 (I of 1944) এর সংশোধন

Act I of 1944 এর
সংশোধন

২। Excises and Salt Act, 1944 (I of 1944) এর FIRST SCHEDULE এর পরিবর্তে এই আইনের তফসিল-১ এ বর্ণিত FIRST SCHEDULE প্রতিস্থাপিত হইবে।

তৃতীয় অধ্যায়

Customs Act, 1969 (IV of 1969) এর সংশোধন

Act IV of 1969
এর section 2 এর
সংশোধন

৩। Customs Act, 1969 (IV of 1969), অতঃপর Customs Act বলিয়া উল্লিখিত, এর section 2 এর clause (qq) এর পর নিম্নরূপ নূতন clause (qqa) সন্নিবেশিত হইবে, যথা:-

“æ(qqa) æprescribed” means prescribed by rules or order, as the case may be;”।

Act IV of 1969
এর section 3 এর
সংশোধন

৪। Customs Act এর section 3 এর-

(ক) clause (i) এর পরিবর্তে নিম্নরূপ clause (i) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

“æ(i) an Additional Commissioner of Customs or an Additional Director General;” এবং